

## ইচছার আলো

এক মহান কবি হেঁটে চলেছেন মানুষের ভিড়ে  
ত্রোধ, রন্ধ, অশ্রূপাত তার গভীর বুকে  
ধাক্কা খেয়ে খেয়ে  
গোলাপের পাপড়ি হয়ে আকাশে ছড়ালো।

সংকল্প হ'য়ে কেউ কেউ তারা এগোতে থাকলো  
মানুষের ভীড়ে আরো ভীড়ে  
যেখানে জাস্তির বাস্তি  
সবকিছু পিয়ে মারা যান্ত্রিক জটিল ভারে  
সেখানে কবিতার জীবন যুদ্ধ

এক মহান কবি হেঁটে চলেছেন সময়ের ভিড়ে  
আলো ও অঙ্ককারে তিনি চলেছেন  
জীবন জাগাতে জাগাতে  
হে সংকল্প, জেগে ওঠো  
তিনি আছেন সাক্ষাতে ও আড়ালে  
আলো ও অঙ্ককারে  
অতীত ও ভবিষ্যতে  
তার ঝন্দ বাক্ৰাশি  
আকাশের কোণে কোণে, ইচছার সুমহান আলো।

অরণ্যপ বসু চৌধুরী

